

2022/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGHCC-402T/017

TDC (CBCS) Even Semester Exam., 2022



<http://www.elearninginfo.in>

BENGALI  
( Honours )

( 4th Semester )

Course No. : BNGHCC-402T

( রবীন্দ্র সাহিত্য )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

নির্দেশানুসারে যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$

- ১। 'সোনার তরী' কাব্যটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছেন?  
কাব্যটি কত সালে প্রকাশিত হয়?
- ২। 'সোনার তরী' কাব্যের প্রথম কবিতা কোনটি? এই কবিতার  
প্রকাশকাল উল্লেখ করো।
- ৩। 'সোনার তরী' কাব্যের 'নিরুদ্দেশ যাত্রা' কবিতাটি কত সালে  
রচিত?

“আর কত দূরে নিয়ে যাবে মোরে হে \_\_\_\_\_?”

(শূন্যস্থান পূর্ণ করো)



( 2 )

- ৪। 'মুক্তধারা' নাটকটি কত সালে রচিত? নাটকে মোট কতগুলি গানের ব্যবহার আছে?
- ৫। 'মুক্তধারা' নাটকটির প্রথমে কী নাম দেওয়া হয়েছিল? নাটকটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ৬। ইংরেজিতে অনুদিত 'মুক্তধারা' নাটকটির নাম কী? এটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ৭। "বুদ্ধির ভীকতাই হচ্ছে শক্তিহীনতার প্রধান আড্ডা।" উক্তভাষ্যটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে?  
"বিহ্বরাজে দেবতা আমাদের \_\_\_\_\_ দিয়ে বসে আছেন।"  
(শূন্যস্থান পূর্ণ করো)
- ৮। "\_\_\_\_\_ প্রাতঃকালে আমার বৃহৎ বাতাটি হাতে করিয়া আনিয়া কহিল—এ সব তুমি কী লিখিয়াছ!"  
(শূন্যস্থান পূর্ণ করো)  
কথক ছাড়া 'মনুষ্য' প্রবন্ধে যে পাঁচটি চরিত্রের নাম আমরা পাই তাদের নামগুলি উল্লেখ করো।
- ৯। 'ভারতবর্ষের ইতিহাস' প্রবন্ধটি কত সালে লেখা হয়েছে?  
"ভারতবর্ষের যে ইতিহাস আমরা পড়ি এবং মুখস্থ করিয়া পরীক্ষা দিই, তাহা ভারতবর্ষের নিশীথকালের একটা \_\_\_\_\_ মাত্র।"  
(শূন্যস্থান পূর্ণ করো)
- ১০। 'যোগাযোগ' উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়? কত সালে উপন্যাসটি গ্রন্থাকারে প্রকাশিত হয়?
- ১১। 'যোগাযোগ' উপন্যাসের প্রথম নাম কী ছিল? কুমুর ভাইয়ের নাম কী?

( 3 )

- ১২। মথুসূদনের পিতার নাম কী? 'যোগাযোগ' কী ধরনের উপন্যাস?
- ১৩। 'জীবনস্মৃতি' কোন্ পত্রিকায়, কত সালে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?
- ১৪। 'জীবনস্মৃতি' কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়? 'জীবনস্মৃতি'র প্রথম সংস্করণটি চর্চাশীল ছবি দিয়ে শোভিত ছিল—এই ছবিগুলি কে অঙ্কন করেছিলেন?
- ১৫। জীবনী ও আত্মজীবনীর মধ্যে পার্থক্য কী?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। "শুধু বৈকুণ্ঠের তরে বৈষ্ণবের গান!" "বৈষ্ণব" কবিতার শুরুতে এই বিষয়সূচক পংক্তিটির মধ্যে কবি বদ্ধত কাব্যে মানবিক অনুভূতিই যে শেষ কথা সে দিকেই অঙ্গুলি নির্দেশ করেছেন। সমগ্র কবিতাটি আলোচনা করে তোমার মতামত পরিস্ফুট করো।
- ১৭। 'যেতে নাহি দিব' কবিতায় কবি সাধারণ মানবজীবনের একটি বিশেষ ঘটনাকে নির্বিশেষ করে তুলেছেন—বিষয়টি পরিস্ফুট করো।
- ১৮। "... মনে হয়, ভারতবর্ষের মধ্যে আমরা যেন কেহই না, আগলুকবর্গই যেন সব।" 'ভারতবর্ষের ইতিহাস' প্রবন্ধে লেখকের এরকম উপলব্ধির কারণ কী, আলোচনা করো।



( 4 )

- ১৯। “প্রাচ্য ও পাশ্চাত্য-এর এই শিক্ষার মিলনই হল প্রকৃত শিক্ষার অঙ্গন।” ‘শিক্ষার মিলন’ প্রবন্ধে অবলম্বনে উক্তিটির যথাার্থ্য বিচার করো।
- ২০। “এমন কিছু আছে যা ছেলের জন্যেও খোয়ানো যায় না।” বক্তা কে? বক্তার এই উক্তির প্রাসঙ্গিকতা উল্লেখ করে চরিত্রটি আলোচনা করো।
- ২১। “গল্প নিজেই নিজের পরিচয় দেবার সাহস রাখে যেন, নামটাকে যেন জোর গলায় আগে আগে নকিবগিরি করতে না পাঠায়।” ‘যোগাযোগ’ উপন্যাসের নাম পরিবর্তন প্রসঙ্গে রবীন্দ্রনাথ এ কথাগুলি বলেছিলেন। রবীন্দ্রনাথের এই মন্তব্যের আলোকে ‘যোগাযোগ’ উপন্যাসের নামকরণ কতদূর সার্থক, আলোচনা করো।
- ২২। ‘জীবনস্মৃতি’র ‘শিক্ষারস্তু’ অধ্যায়ে রবীন্দ্রনাথ লিখেছেন— “সেখানে কী শিক্ষালাভ করিলাম মনে নাই কিন্তু একটা শাসন-প্রণালীর কথা মনে আছে।” ‘জীবনস্মৃতি’ অবলম্বনে রবীন্দ্রনাথের বাল্যকালের শিক্ষার পরিচয় দাও।
- ২৩। রবীন্দ্রনাথ তাঁর ‘জীবনস্মৃতি’ সম্পর্কে বলেছেন—“জীবনের স্মৃতি জীবনের ইতিহাস নহে—তাহা কোন্ এক অদৃশ্য চিত্রকারের স্বহস্তের রচনা।” এই উক্তি মনে রেখে ‘জীবনস্মৃতি’ নিয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।
- ২৪। বিষয়বস্তু আলোচনা করে ‘যোগাযোগ’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
- ২৫। ‘যোগাযোগ’ উপন্যাসের কুমুদিনী চরিত্রটি বিশ্লেষণ করো।

\*\*\*

2022/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGHCC-402T/017

22J—650/1138